MAR. 1 9 [illegible]

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩) ... কলাম ... ৫...

# চাঁদপুরে শিশু ধর্ষণের দায়ে চাকরি হারালো মাদ্রাসা শিক্ষক

ফারুক আহম্মদ, চাঁদপুর থেকে : দশ বছরের একটি শিশুকে ধর্ষণের দায়ে চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলার বালিথুবা গ্রামের শামছুল ওদুদিয়া দাখিল মাদ্রাসার শিক্ষক শাহাবুদ্দিন কালু (৩২)কে মাদ্রাসা কর্তৃপক্ষ শেষপর্যন্ত চাকরি থেকে অপসারণ করেছে। তবে ধর্ষক কালু ঘটনার এক মাস পরও গ্রেপ্তার হয়নি এবং প্রভাবশালী একটি মহল তাকে রক্ষা করার চেষ্টা করছে বলে জানা গেছে।

গত ১৮ ফেব্রুয়ারি সকাল ৮টায় শিশুটি তাদের ঘরের পাশে শিমুল ফুল কুড়াতে গেলে তার পিতার জ্যাঠাতো ভাই মাদ্রাসা শিক্ষক শাহাবুদ্দিন কালু তাকে নিজের ঘরে ডেকে নিয়ে ধর্ষণ করে। গ্রামের একটি প্রভাবশালী মহল ধর্ষিতার পিতাকে মীমাংসার কথা বলে এ ব্যাপারে বাড়াবাড়ি করতে নিষেধ করে।

গত ২২ ফেব্রুয়ারি ঘটনা সম্পর্কে জানতে পেরে সাংবাদিকরা জেলা পুলিশ সুপার মোঃ আমির উদ্দিনকে জানালে তিনি তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট থানাকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেন। থানার দারোগা আমিনুর রশিদ ঐ দিন পুলিশ নিয়ে বালিথুবা গ্রামে পৌঁছলে প্রভাবশালী মহল ধর্ষক কালুকে গা ঢাকা দিতে সাহায্য করে।

এ ব্যাপারে ধর্ষিতার পিতা- ঐদিন রাতে একটি মামলা দায়ের করেন। ২৪ ফেব্রুয়ারি ধর্ষিতার ডাক্তারি পরীক্ষা এবং আদালতে ১৬ক ধারার জবানবন্দী নেওয়া হয়। এর পর মামলার ব্যাপারে আর কোনো অগ্রগতি হয়নি। আসামি শাহাবুদ্দিন এখনো গ্রেপ্তার হয়নি। তবে মাদ্রাসা কর্তৃপক্ষ তাকে সম্পতি চাকরি থেকে অপসারণ করেছে বলে জানা গেছে।